# 7863 - যার উপরে রমযানের কাযা রোযা রয়েছে তার জন্য কি শাওয়ালের ছয় রোযা রাখা শরিয়তসম্মত হবে?

## প্রশ্ন

প্রশ্ন: যে ব্যক্তি রমযান মাসের পর শাওয়ালের ছয় রোযা রেখেছে কিন্তু রমযানের সবগুলো রোযা রাখেনি। শরিয়তস্বীকৃত ওজরের কারণে রমযানের দশটি রোযা ভেঙ্গেছে। সে ব্যক্তি কি ঐ ব্যক্তির সম-পরিমাণ সওয়াব পাবে যে ব্যক্তি গোটা রমযান মাস রোযা রেখেছে এবং শাওয়াল মাসেও ছয় রোযা রেখেছে। সে ব্যক্তি কি গোটা বছর রোযা রাখার সওয়াব পাবে? আশা করি, আমাদেরকে অবগতি করবেন। আল্লাহ্ আপনাদেরকে উত্তম প্রতিদান দিন।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বান্দা যেসব আমল করে সেগুলোর সওয়াবের পরিমাণ নির্ধারণ করার দায়িত্ব আল্লাহ্‌র উপরে। বান্দা যদি আল্লাহ্‌র কাছে প্রতিদান প্রত্যাশা করে এবং আল্লাহ্‌র আনুগত্যের পথে অক্লান্ত পরিশ্রম করে নিশ্চয় আল্লাহ্ তার প্রতিদান নষ্ট করবেন না। আল্লাহ্ তাআলা বলেন: “নিশ্চয় আল্লাহ্, ভাল কর্মশীলদের প্রতিদান নষ্ট করেন না। যে ব্যক্তির দায়িত্বে রমযানের রোযা অবশিষ্ট রয়েছে তার কর্তব্য হচ্ছে, প্রথমে রমযানের রোযা পালন করা; তারপর শাওয়ালের ছয় রোযা রাখা। কেননা যে ব্যক্তি রমযানের রোযা পূর্ণ করেনি তার ক্ষেত্রে এ কথা বলা চলে না যে, সে রমযানের রোযা রাখার পর শওয়ালের ছয় রোযা রেখেছে।”

আল্লাহ্‌ই উত্তম তাওফিকদাতা এবং আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।